# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৭৬

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ সারা বছর একাধারে সিয়াম রাখার নিষেধ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْإِخْبَارِ عَنْ نَفْيِ جَوَازِ سَرْدِ الْمُسْلِمِ صوم الدهر

আরবী

[3576/*]- أَخْبَرَنَاهُ الْفَضْلُ بْنُ الْحُبَابِ مَرَّةً أُخْرَى ........ قَالَ: وضَمَّ عَلَى تِسْعِينَ.
قَالَ أَبُو حَاتِمٍ: الْقَصْدُ فِي هَذَا الْخَبَرِ صومُ الدَّهْرِ الَّذِي فِيهِ أَيَّامُ التَّشْرِيقِ وَالْعِيدَيْنِ وَأَوْقَعَ التَّغْلِيظَ عَلَى مَنْ صَامَ الدَّهْرَ مِنْ أَجْلِ صَوْمِهِ الْأَيَّامَ الَّتِي نُهِيَ عَنْ صِيَامِهَا لَا أَنَّهُ إِذَا صَامَ الدَّهْرَ وَقَوِيَ عَلَيْهِ مِنْ غَيْرِ الْأَيَّامِ الَّتِي نُهِيَ عَنْ صِيَامِهَا يُعَذَّبُ فِي الْقِيَامَةِ.
وَأَبُو تَمِيمَةَ الْهُجَيْمِيُّ اسْمُهُ: طَرِيفُ بْنُ مُجَالِدٍ بَصْرِيٌّ مَاتَ سَنَةَ خَمْسٍ وَتِسْعِينَ

বাংলা

৩৫৭৬/*. আমাদেরকে ফাযল বিন হুবাব আরেকবার এভাবে বর্ণনা করেছেন... তিনি বলেন, “আর এই বলে তিনি ৯০ এর উপর গিরা বাঁধেন।”

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসের দ্বারা উদ্দেশ্য হলো সারা বছর সিয়াম রাখা। এর মাঝে আইয়ামে তাশরীক ও ঈদের সালাতও রয়েছে। কঠোর বার্তা তার ক্ষেত্রে প্রযোজ্য যে, নিষিদ্ধ দিনেও সিয়াম রাখে; এর দ্বারা এটা উদ্দেশ্য নয় যে, যে সারা বছর সিয়াম রাখে, এবং সে সারা বছর সিয়াম রাখার জন্য সে যথেষ্ট শক্তিশালী, এক্ষেত্রে সে নিষিদ্ধ দিনগুলোতে সিয়াম রাখা ছেড়ে দিয়েছে- এমন নয় যে, এই অবস্থায় তাকে শাস্তি দেওয়া হবে।”

হাদীসের রাবী, আবূ তামীমাহ আল জুহানীর নাম তারিফ বিন মুজালিদ। তিনি বসরার অধিবাসী। তিনি ৯৫ হিজরী সনে মারা যান।”

ফুটনোট

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92911

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন